



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ 'ওয়াসা ভবন'
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.১১৩.১০৩.০০.০৮৪.২০১৭/৮৯০

তারিখঃ ১৩/০৮/২০২২

বার্তা সম্পাদক

“দৈনিক বাংলাদেশ প্রতিদিন”

ঢাকা।

বিষয়ঃ প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার প্রতিবাদ।


১১ আগস্ট, ২০২২ তারিখে আপনাদের “দৈনিক বাংলাদেশ প্রতিদিন” পত্রিকার প্রথম পাতায় “ঢাকায় পানির সংকট - মহাখালীতে বিক্ষোভ, আরও অনেক স্থানে নাজুক পরিস্থিতি” শিরোনামে প্রকাশিত সংবাদটি ঢাকা ওয়াসার দৃষ্টি গোচর হয়েছে। এ বিষয়ে ঢাকা ওয়াসার বক্তব্য নিম্নরূপঃ

প্রকাশিত সংবাদের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে মহাখালী এলাকায় পানির কোন সংকট বিরাজ করছে না। তবে সপ্তাহখানেক ধরে লোডশেডিং বেড়ে যাওয়ায় ‘গ’ ব্লক, ‘চ’ ব্লক, ‘জ’ ব্লক ইত্যাদি এলাকায় অনবরত পানি সরবরাহ বিঘ্নিত হয়। এতে distribution network এ পানির চাপ কমে যাওয়ায় শাকেরিয়া মাদ্রাসা সংলগ্ন অপেক্ষাকৃত ভিতরের বাড়িগুলোতে পানির প্রবাহ কিছুটা কমে যায়। তবে বর্তমানে জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ বিভ্রাটকালে পাম্প চালনা করে ও কিছু ফিল্ট মেইনটেন্যান্স করে পানি প্রবাহ স্বাভাবিক রাখা হয়েছে। মহাখালী ‘গ’ ব্লকের বাসিন্দা আব্দুল মান্নান, ওয়াহিদুর রহমান শামীম, রুবেল, মনির হোসেন; ‘জ’ ব্লকের বাসিন্দা ড: আসিফ ইকবাল লাইনে পানি প্রাপ্তির বিষয়টি ঢাকা ওয়াসাকে নিশ্চিত করেছে। টানা ১৯ দিন লাইনে পানি না পাওয়া কিংবা লাইনে ব্যবহার অনুপযোগী পানি পাওয়ার কোন অভিযোগ অদ্যাবধি পাওয়া যায় নি।

বর্তমানে পত্রিকায় বর্ণিত এলাকা হতে কোন অভিযোগ আসে নাই। মূলত বিদ্যুতের লোডশেডিং এর কারণে পাম্প দ্বারা পানির উৎপাদন ব্যাহত হওয়ায় কিছু কিছু এলাকায় সাময়িক পানির সংকট দেখা দিচ্ছে। এছাড়াও অতিরিক্ত গরমের কারণে পানির ব্যবহার বৃদ্ধি পেয়েছে। এরপরও ঢাকা ওয়াসা জেনারেটর চালিয়ে এবং লোডশেডিং এর এলাকা সমূহে লোডশেডিং এর সময়সূচী অনুযায়ী ঘুরে ঘুরে মোবাইল জেনারেটর চালিয়ে পানি সরবরাহ নিশ্চিত করা হচ্ছে।

পরিশেষে, প্রতিবেদনটি সম্পর্কে ঢাকা ওয়াসার প্রতিবাদ বক্তব্যটি আপনাদের “দৈনিক বাংলাদেশ প্রতিদিন” পত্রিকার পরবর্তী সংখ্যায় হুবহু একই কলামে প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হ’ল।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে



এ. এম. মোস্তফা তারেক

উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা

ঢাকা ওয়াসা।